

প্রাণিবিদ্যা বিভাগ

মুরারিচাঁদ (এম.সি) কলেজ, সিলেট

ই-মেইল: zoologymccollege@gmail.com



Department of Zoology

Murarichand (M.C) College, Sylhet

E-mail: zoologymccollege@gmail.com

স্মারক নং-এমসি/০০২১/০০৪

তারিখ : ০৪/০১/২০২২ খ্রি.

সূত্র : ZSB/730/21

তারিখ : ১২ ডিসেম্বর ২০২১ খ্রি.

“ প্রাণিবিজ্ঞান অলিম্পিয়াড-২০২১ ”

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ প্রাণিবিজ্ঞান সমিতি পূর্বের ন্যায় এ বছর আবারও “ প্রাণিবিজ্ঞান অলিম্পিয়াড ” আয়োজন করতে যাচ্ছে। সিলেট অঞ্চলের প্রতিযোগীতা আগামী ১৮/০১/২০২২ খ্রি. রোজ মঙ্গলবার সকাল ০৯.০০ ঘটিকায় প্রাণিবিদ্যা বিভাগ মুরারিচাঁদ কলেজ, সিলেট-এ অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগীতায় দু'টি গ্রুপ থাকবে। এ উপলক্ষ্যে মুরারিচাঁদ কলেজ, সিলেট-এর প্রতিযোগী বাছাই পরীক্ষা আগামী ১০/০১/২০২২ খ্রি. তারিখে সকাল ১১.০০ ঘটিকায় প্রাণিবিদ্যা বিভাগ, মুরারিচাঁদ কলেজ, সিলেট-এর ১১১ ও ১১২ নং কক্ষে অনুষ্ঠিত হবে। আগ্রহী প্রতিযোগীদের রেজিস্ট্রেশন ফি ১০০/- (একশত) টাকা প্রদান সাপেক্ষে প্রাণিবিদ্যা বিভাগ থেকে রেজিস্ট্রেশন ফরম সংগ্রহ করার জন্য বলা যাচ্ছে।

গ্রুপ-ক : উচ্চমাধ্যমিক পর্যায় (জীববিজ্ঞান ২য় পত্র -প্রাণিবিজ্ঞান বিষয়ে অধ্যয়নরত শিক্ষার্থী)

গ্রুপ-খ : স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে প্রাণিবিজ্ঞান বিষয়ে অধ্যয়নরত শিক্ষার্থী।

উভয় গ্রুপের জন্য আলাদাভাবে ৩০ নম্বরের MCQ পরীক্ষা হবে। পরীক্ষার মাধ্যমে প্রতি গ্রুপ হতে ০৬ জন-কে প্রাথমিকভাবে নির্বাচিত করা হবে। পরবর্তীতে প্রতি গ্রুপের ০৬ জনকে ২০ নম্বরের লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ নিতে হবে। লিখিত/মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রতি গ্রুপ হতে ০১ জন করে মোট ০২ জন-কে চূড়ান্ত প্রতিযোগীতার জন্য নির্বাচিত করা হবে। চূড়ান্ত প্রতিযোগীতা ঢাকায় অনুষ্ঠিত হবে। উল্লেখ্য যে, আঞ্চলিক প্রতিযোগীতার চ্যাম্পিয়ন ও রানার্স-আপ কে ক্রেস্ট ও সনদ প্রদান করা হবে। উল্লেখ্য প্রতিনিধি শিক্ষক ও শিক্ষার্থীদের-কে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

 ০৪/০১/২০২২

প্রফেসর মো: আশরাফুল কবীর

বিভাগীয় প্রধান

প্রাণিবিদ্যা বিভাগ

মুরারিচাঁদ কলেজ, সিলেট

ও

সভাপতি প্রাণিবিজ্ঞান অলিম্পিয়াড-২০২১

সিলেট অঞ্চল।

যোগাযোগের জন্য : জনাব মাহমুদা আক্তার

সহযোগী অধ্যাপক

প্রাণিবিদ্যা বিভাগ

মুরারিচাঁদ কলেজ, সিলেট

মোবা : ০১৭১২-৪৮৬৫৪০

ই-মেইল : zoologymccollege@gmail.com



বাংলাদেশ প্রাণিবিজ্ঞান সমিতি

Zoological Society of Bangladesh

Department of Zoology, University of Dhaka, Dhaka 1000, Bangladesh

Telephone: 8802-9634 955, Cell: 8801-0161-9634 955, Fax: 8802-8615583

(Attn. Zoology Dept.), E-mail: zoologybangladesh@gmail.com

Reg. # Dha-07564

Ref: ZSB/ 730/21

১২ ডিসেম্বর, ২০২১

অধ্যক্ষ

এম. সি কলেজ

সিলেট।

বিষয়ঃ বাংলাদেশ প্রাণিবিজ্ঞান সমিতির উদ্যোগে “৮ম প্রাণিবিদ্যা অলিম্পিয়াড ২০২১” আয়োজন প্রসঙ্গ।

প্রিয় মহোদয়,

আমাদের শুভেচ্ছা গ্রহণ করুন।

বাংলাদেশ প্রাণিবিজ্ঞান সমিতি প্রতিবারের মতো এবারো “৮ম প্রাণিবিদ্যা অলিম্পিয়াড-২০২১” আয়োজন করতে যাচ্ছে। বিগত বছরগুলোতে আপনার প্রতিষ্ঠান ‘প্রাণিবিদ্যা অলিম্পিয়াড’ আয়োজনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এ বছর ‘প্রাণিবিদ্যা অলিম্পিয়াড’ ১ম রাউন্ড আগামী ১ জানুয়ারি ২০২২ থেকে ১৫ জানুয়ারি ২০২২ সময়কালের অনুষ্ঠিত হবে। ‘প্রাণিবিদ্যা অলিম্পিয়াড’ এর প্রারম্ভিক ব্যয় নির্বাহের জন্য ৫,০০০/ (পাঁচ হাজার টাকার চেক) এতদসঙ্গে প্রেরণ করা হল। ক্রেস্ট ও সার্টিফিকেট অত্র অনুষ্ঠানের পূর্বে আপনার নিকট প্রেরণ করা হবে। রেজিস্ট্রেশনের জন্য প্রতিযোগীদের কাছ থেকে জন প্রতি ১০০/ (একশত টাকা) গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে (আঞ্চলিক কমিটি ব্যয় নির্বাহের প্রয়োজনে রেজিস্ট্রেশন ফি হ্রাস/ বৃদ্ধি করতে পারবেন)। প্রদত্ত টাকা দ্বারা প্রতিযোগিতার ব্যয় নির্বাহ করার জন্য অনুরোধ করছি। আপনার অবগতির জন্য “প্রাণিবিদ্যা অলিম্পিয়াডের নির্দেশিকা” প্রদান করা হল।

বাংলাদেশ প্রাণিবিজ্ঞান সমিতি ‘৮ম প্রাণিবিদ্যা অলিম্পিয়াড-২০২১’ আয়োজনে আপনার ও আপনার প্রতিষ্ঠানের সহযোগিতা কামনা করছে। পরবর্তী ব্যবস্থা গ্রহণে প্রয়োজনীয় তথ্যাদি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

আপনার আস্থাজান,

প্রফেসর ড. মোঃ লোকমান হোসেন

আহ্বায়ক

প্রাণিবিদ্যা অলিম্পিয়াড-২০২১

Email: drlokmanhossain@yahoo.com

মোবাইল ফোন: ০১৭১১৩৫৮১৩২

ড. তপন কুমার দে

সাধারণ সম্পাদক

বাংলাদেশ প্রাণিবিজ্ঞান সমিতি

অনুলিপি:

১। প্রফেসর মোঃ আশরাফুল কবির, বিভাগীয় প্রধান, প্রাণিবিদ্যা বিভাগ, এম. সি কলেজ, সিলেট।

২। প্রফেসর মোঃ সেলিম, বিভাগীয় প্রধান, প্রাণিবিদ্যা বিভাগ, মৌলভীবাজার সরকারি কলেজ, মৌলভীবাজার।